



৫৩ সদস্যের নারীশক্তি কমিটি গঠন করল এনসিপি



সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) নারী সংগঠন 'জাতীয় নারীশক্তি'র কেন্দ্রীয় আহ্বায়ক কমিটি গঠন করা হয়েছে। নতুন কমিটিতে মোট ৫৩ জনকে অন্তর্ভুক্ত করা হয়েছে।

কমিটিতে মনিরা শারমিনকে আহ্বায়ক এবং মাহমুদা আলম মিত্তুকে সদস্য সচিব হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। জুলাই আন্দোলনের নেত্রী নুসরাত তাবাসসুমকে মুখ্য সংগঠকের দায়িত্ব দেওয়া হয়েছে।

এছাড়া সিনিয়র যুগ্ম আহ্বায়ক হিসেবে সাইফুন বুশরা মিশমা এবং সিনিয়র যুগ্ম সদস্য সচিব হিসেবে মনজিলা ব্লুমা দায়িত্ব পেয়েছেন।

শনিবার (১৮ জুলাই) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম ও সদস্য সচিব আখতার হোসেনের অনুমোদনে এই কমিটি চূড়ান্ত করা হয়েছে।